

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৩২/২০১১

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখ : ০২/০৬/২০১১খ্রিঃ।

১৯ জ্যৈষ্ঠ, ১৪১৮ বাংলা।

কাস্টম হাউস (আমদানি) চট্টগ্রাম এর অফিস স্মারক নং-১৬(১)কাস/৮৩-৯৬ (অংশ-৪) তারিখঃ ৩০/০৫/২০১১ইং আদেশক্রমে নিম্নে প্রচার করা হল।

এতদপ্রসঙ্গে জানানো যাচ্ছে যে, সকল সিএন্ডএফ এজেন্ট ও তাদের নিয়োগকৃত কর্মচারীদের আগামী ১২/০৬/১১ইং থেকে কাস্টম হাউস, চট্টগ্রাম-এর অভ্যন্তরে পরিচয়পত্র বহন (বুকে ঝুলানো অবস্থায়) চট্টগ্রাম শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক বাধ্যতামূলক করা হয়েছে বিধায় এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আগামী ০৫/০৬/১১ইং থেকে ০৯/০৬/১১ইং পর্যন্ত লাইসেন্সিং শাখা, কাস্টম হাউস, চট্টগ্রাম-এ পরিচয় পত্র প্রদানের কার্যক্রম চলবে।

স্বাক্ষরিত/-

উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস (আমদানি), চট্টগ্রাম।

বিষয় : পরিচয় পত্র বহন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অদ্য ৩০/০৫/২০১১খ্রিঃ তারিখ সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের সঙ্গে সমন্বয় মিটিং এর সিদ্ধান্তের আলোকে শুল্ক ভবনের কাজের পরিবেশ সুষ্ঠু, স্বাভাবিক ও উন্নয়নের স্বার্থে সকল সিএন্ডএফ এজেন্ট এবং তাদের নিয়োগকৃত কর্মচারীদের পরিচয় পত্র বহন (বুকে ঝুলানো অবস্থায়) নিশ্চিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ হ'ল।

স্বাক্ষরিত/-

(মোঃ কামরুজ্জামান)

ডেপুটি কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস (আমদানি), চট্টগ্রাম।

নথি নং- ১৬ (১) কাস/৮৩-৯৬ (অংশ-৮)

পৃষ্ঠা নং - ৩৩